# ইয়াহু মেইলে সহজে ই-মেইল

ডা. মোহাম্মদ সিয়াম মোয়াজ্জেম

ইয়াহু মেইল আমেরিকার কোম্পানির অফার করা সর্বজনীন এবং ফ্রি ই-মেইল। চালু হয় ১৯৯৭ সালে। ইয়াহু মেইলের সাথে সমন্বিত রয়েছে ই-মেইল, ইনস্ট্যান্ড মেসেজিং, স্যোশাল নেটওয়ার্ক এবং এসএমএস টেক্সট মেসেজিং সুবিধা। এর কীবোর্ড শর্টকাট, ডেস্কটপসদৃশ ইন্টারফেসের কারণে ব্যবহারকারীরা খুব স্বাচ্ছন্দ্যবোধ করেন। ইয়াহু মেইল দেয় হয় ফ্রি ১ টেরাবাইট অনলাইন স্টোরেজ সুবিধাসহ ফ্রি ই-মেইল অ্যাকাউন্ট। তবে বিশেষজ্ঞদের মতে, এর স্প্যাম ফিল্টার আরও স্পষ্ট এবং ম্যানুয়াল নিয়মকানুন আরও অধিকতর নমনীয় হওয়া উচিত।


ছোটখাটো ত্রুটি থাকা সত্ত্বেও ইয়াহু মেইল বর্তমানে দ্বিতীয় বৃহত্তম অনলাইন প্রোপার্টি, যার রয়েছে ২১৭ মিলিয়ন ইউনিক ভিজিটর, যা কি না গুগলের কালেকটিভের চেয়ে সামান্য পিছিয়ে আছে। গুগল কালেকটিভের রয়েছে ২৩ কোটি ৬০ লাখ অনন্য ব্যবহারকারী। প্রায় ১০ কোটি ব্যবহারকারীই হলো ইয়াহু মেইলের, এরা প্রতিদিন ইয়াহু মেইলের মাধ্যমে মেইল চালাচালি করেন, যা গুগলের জি-মেইলের তুলনায় দ্বিতীয়। এর অর্থ– এখন সময় হয়েছে ইয়াহু মেইলের দিকে ভালোভাবে নজর দেয়া। জেনে নেয়া দরকার ইয়াহু মেইলের টিপস ও ট্রিকস।

সম্প্রতি ইয়াহু মেইল এক কঠিন সময়ের মধ্য দিয়ে যাচ্ছে। গত বছর মোট ইয়াহু মেইল সার্ভিস ব্যবহারকারীর ১ শতাংশ আউটেজ সমস্যায় ভোগেন, যা কয়েক দিন পর্যন্ত অব্যাহত ছিল। পরিস্থিতি এতটাই খারাপ হয়ে পড়েছিল যে, ইয়াহু মেইল সার্ভিসের সিইও ম্যারিশা মেয়ারকে আনুষ্ঠানিকভাবে ক্ষমা চাইতেও হয়েছিল।

এর এক মাস পর হ্যাকারেরা এ সার্ভিসে এমন মারাত্মক আঘাত হানে যে, এ কোম্পানি এর বিপুলসংখ্যক ব্যবহারকারীর পাসওয়ার্ড রিসেট করতে বাধ্য হয়। এ সময় ম্যালওয়্যারসহ খারাপ বিজ্ঞাপন ব্যবহারকারীদেরকে আক্রান্ত করে। এ ম্যালওয়্যার চীনা ভার্সনের ইয়াহু মেইল শাটডাউন করে দেয়। ফলে বিপুলসংখ্যক ব্যবহারকারী বিচ্ছিন্ন হয়ে পড়ে এ সার্ভিস থেকে। এতসব অবাঞ্ছিত ঘটনার পরও ইয়াহু মেইল সার্ভিস এখনও দ্বিতীয় বৃহত্তম। তাই এই বিপুলসংখ্যক ব্যবহারকারীর কথা বিবেচনায় নিয়ে উপস্থাপন করা হয়েছে ইয়াহু মেইলের কিছু টিপস।

## বসমোড

ডেস্কটপ ব্রাউজার ইয়াহু মেইল স্ক্রিনের নিচে বাম প্রান্তে একটি বক্সে পর্বতমালার মতো দেখতে একটি আইকন রয়েছে। এতে ক্লিক করার দরকার নেই। কার্সরকে শুধু এর ওপর দিয়ে হোভার তথা



চিত্র-১



চিত্র-২



চিত্র-৩



চিত্র-৪



চিত্র-৫

মুভ করান বসমোডের জন্য। অথবা Esc ট্যাপ করলেই হবে। বসমোডের উদ্দেশ্য দুটি। প্রথমত আপনি এ মুহূর্তে যা পড়ছেন, তা তাৎক্ষণিকভাবে লুকানো অর্থাৎ হাইড করার জন্য যাতে কেউ পড়তে না পারে এবং দ্বিতীয়ত দ্রুতগতিতে সবচেয়ে সহজ উপায় থিম পরিবর্তন ও থিমে অ্যাক্সেস করার জন্য। (চিত্র-১)

## ব্যাকগ্রাউন্ড ইমেজ

জন ফিচারের সাথে সমানতালে চলার জন্য অথবা ইয়াহু ব্যবহার করার জন্য কী অফার করতে যাচ্ছে, তার জন্য ইয়াহুকে আবার ন্যূনতম থিম পরিবর্তন করতে হয় ব্যাকগ্রাউন্ড ইমেজসহ। এখান থেকেই বেছে নিতে পারবেন থিম। কিন্তু জি-মেইলে আপনি যেকোনো ইমেজ ব্যবহার করতে পারবেন। তবে এ ক্ষেত্রে ইয়াহু চমৎকার কাজ করে ব্যাকগ্রাউন্ডের সূক্ষ্ম উপাদান দূর করার ক্ষেত্রে। এই ইমেজকে আইওএস এবং অ্যান্ড্রয়িড অ্যাপেও ব্যবহার করা যায়। তবে এগুলো ডিভাইসের মাঝে সিঙ্ক করা যায় না। (চিত্র-২)

## কন্টাক্ট সেভ করা থেকে বিরত থাকা

ইয়াহু মেইলে অ্যাড্রেস বুকের দরকার নেই। ই-মেইল অ্যাড্রেসের জন্যও দরকার হবে না। নাম টাইপ করলেই আপনার ই-মেইল অ্যাড্রেস অভ্যাস, হিস্টোরি, স্টোর করা মেসেজ এবং অবশ্যই অ্যাড্রেসবুকের ওপর ভিত্তি করে চালু হবে অটোসাজেশন, যা ইয়াহু মেইল অ্যাড্রেস পূর্ণ করবে। (চিত্র-৩)

## ট্যাবলেটে ম্যাগাজিন স্টাইল

ল্যান্ডস্কেপ ওরিয়েন্টেড ট্যাবলেট মেসেজের নিচে একটি ডাবল অ্যারো আইকন দেখতে পারবেন, যা সাধারণ ইঙ্গিতে প্রদান করে ফুল স্ক্রিন মোডের। এ বিষয়টি ইয়াহু মেইল অ্যাপে পাওয়া যাবে ‘magazines’-এ মেসেজ পড়ার জন্য। এর ফলে আপনি মেসেজ পড়ার জন্য বাম বা ডান দিকে সুইপ করতে পারবেন। (চিত্র-৪)

## মোবাইলের জন্য ক্যুইক অ্যাক্সেস

স্মার্টফোনের ইয়াহু মেইল অ্যাপে রয়েছে এক ক্যুইক অ্যাকশন টুল সেট। বামে অথবা ডানে মেসেজ সুইপ করুন এক সেট আইকন পাওয়ার জন্য, যা দ্রুতগতিতে ব্যবহারকারীকে আনরিড করার জন্য মেসেজকে সেট করবে। এবার মেসেজকে একটি ফোল্ডারে স্থানান্তর করে গুরুত্বপূর্ণ হিসেবে চিহ্নিত করুন। স্প্যামে সেন্ড করুন অথবা ডিলিট করুন। (চিত্র-৫)

## সব ইয়াহু মেইল ফরোয়ার্ড করা

থান্ডারবার্ডের মতো থার্ডপার্টি ই-মেইল ক্লায়েন্টের মাধ্যমে ইয়াহু মেইল সাপোর্ট করে POP এবং IMAP অ্যাক্সেস। আপনি যদি চান আপনার সব ইনকামিং মেইল অন্য অ্যাকাউন্টে ফরোয়ার্ড হবে, তাহলে কেমন হবে? এ কাজটি করার জন্য সেটিংয়ে গিয়ে (ইয়াহু মেইলের ডেস্কটপের উপরে ডান প্রান্তের গিয়ার আইকনে ▸



চিত্র-৬

ক্লিক করুন) Accounts-এ ক্লিক করে Edit বাটনে ক্লিক করুন। Forward-এ রেডিও বাটনে ক্লিক করে ই-মেইল এন্টার করুন, যেখানে মেসেজ শেষ করতে চান। মেসেজ স্টোর অ্যান্ড ফরোয়ার্ড করা হয়। শুধু ফরোয়ার্ড করার জন্য অথবা স্টোর অ্যান্ড ফরোয়ার্ড এবং মার্ক অ্যাজ রিড করার জন্য। ফলে ওইসব মেসেজ নিয়ে আপনাকে আর কাজ করতে হবে না, যখন ইয়াহু মেইলে ভিজিট করবেন। (চিত্র-৬)

## একটি বাড়তি ই-মেইল অ্যাড্রেস সেটআপ করা

ইয়াহু ডটকমে (yahoo.com) একাধিক অ্যাড্রেস চান? ইয়াহু মেইল এ কাজটি খুব সহজ করে দিয়েছে। Settings→Accounts-এ গিয়ে Manage extra email address ক্লিক করুন। এগুলোকে আপনার নিজের করে নিতে পারেন অথবা ইয়াহু কিছু অপশন প্রদান করে। যতক্ষণ পর্যন্ত না এটি ব্যবহার হচ্ছে ততক্ষণ পর্যন্ত এটি তৈরি করতে পারবেন। তবে কয়েক লাখ ব্যবহারকারীর মধ্য থেকে মূল নাম খুঁজে পাওয়া কঠিন। এ কাজ শেষে অ্যাড্রেসের লিখিত বিবৃতি প্রকাশ করুন এবং এখানে পাঠানো সব মেইল আপনার ইয়াহু মেইলে প্রদর্শিত হবে। আপনি এই নাম ব্যবহার করতে পারবেন আপনার ইয়াহু অ্যাকাউন্টে সাইন করানোর জন্য। এখানে একটি অপশনও পাবেন ডিফল্ট 'form'-এর অ্যাড্রেস রূপান্তর করার জন্য, যখন মেসেজ পাঠাবেন। একটি নাম বেছে নেয়ার পর আপনি এক বছরে কয়েকবার পরিবর্তন করতে পারবেন। (চিত্র-৭)

## সেন্ডারের মাধ্যমে দ্রুত সার্চ করা

যখন মেসেজের একটি লিস্ট ভিউ করবেন, তখন আপনি দেখতে পারবেন একটি ম্যাগনিফাই গ্লাস আইকন মেসেজের ওপর দিয়ে কার্সর পাস করানোর সময়। এতে ক্লিক করলে আপনার কাছে পাঠানো সব মেসেজের একটি ক্যুইক দেখতে পারবেন। (চিত্র-৮)





চিত্র-৭




চিত্র-৮




চিত্র-৯




চিত্র-১০

## ইয়াহু মেইলের মাধ্যমে এসএমএস

ইয়াহু মেসেঞ্জার কোম্পানির মাধ্যমে সামান্য ব্যবহৃত ইনস্ট্যান্ড মেসেজিং প্লাটফরম ইয়াহু মেইলের সাথে সমন্বিত করা হয়েছে। ডেস্কটপে উপরের দিকে স্মাইলি ফেস ট্যাবে ক্লিক করুন এতে অ্যাক্সেস করার জন্য। এতে অ্যাক্সেস করার পর একটা ফোন নাম্বার এন্টার করার পর মেসেজ সেন্ড করলে তা গ্রহীতার কাছে যাবে একটা টেক্সট মেসেজ হিসেবে। বস্তুত মেসেজ গ্রহীতা পাবেন দুইটি আলাদা মেসেজ পাবেন। যার একটিতে উল্লেখ থাকে 'A yahoo users has sent you a message. Reply to that SMS to respond Reply INFO to this SMS for help or go to yahoo.it/imsms', যা প্রদর্শন করে সব ইয়াহু ব্যবহারকারীর মোবাইল অ্যাপের সংগ্রহ। (চিত্র-৯)

## মেইলে নোট তৈরি করা

আপনি এই অপশনটি শুধু ইয়াহু মেইলের ডেস্কটপ ওয়েব ভার্সনে পাবেন, তবে অ্যাপস পাবেন না। তবে ছোট নোটবুক আইকন ট্যাবে ক্লিক করলে পাবেন ওয়াননোট বা ইভারনোটের অল্প ভাড়ার ভার্সন, যেখানে আপনি তৈরি করতে পারবেন নোটবুক আপনার প্রত্যাশিত সব নোট দিয়ে পূর্ণ করতে (চিত্র-১০) কজ

*ফিডব্যাক : siam.moazzem@gmail.com*